**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 12-02-2026** **Time : 1-40 PM**

**<u>বিশেষ বিশেষ খবর –</u>**

১/ বিধানসভার নির্বাচনী প্রস্তুতি খতিয়ে দেখতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক ও জেলা প্রশাসনের শীর্ষ আধিকারিকদের সঙ্গে আগামীকাল বৈঠকে বসছে নির্বাচন কমিশন।

২/ রাজ্যের সব সরকারি হাসপাতালে এবার বিকেলে'ও চালু থাকবে আউটডোর।

৩/ কড়া নিরাপত্তায় আজ উচ্চ মাধ্যমিকের চতুর্থ তথা চূড়ান্ত সেমিস্টারের পরীক্ষা শুরু হয়েছে। #চলছে তৃতীয় সেমিস্টারের সাপ্লিমেন্টারি এবং পুরনো পদ্ধতিতে উচ্চমাধ্যমিক পরীক্ষাও।

৪/ কলকাতা মেট্রোর ব্লু লাইনের আধুনিকীকরণের জন্য, এক হাজার ২০০ কোটি টাকার'ও বেশী বরাদ্দ হয়েছে বলে রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো জানিয়েছে।

৫/ নতুন শ্রম কোড বাতিল, রাষ্ট্রায়ত্ত সংস্থার শূণ্য পদে নিয়োগ সহ একগুচ্ছ দাবীতে একাধিক ট্রেড ইউনিয়ান দেশ জুড়ে ধর্মঘটের ডাক দিলেও, এরাজ্যে তেমন কোনো প্রভাব পড়েনি।

৬/ বাংলাদেশে নির্বাচনকে কেন্দ্র করে এরাজ্যের সীমান্তবর্তী জেলাগুলিতে কড়া নজরদারি জারি হয়েছে।

*************************************************************************

বিধানসভা নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক ও জেলা প্রশাসনের শীর্ষ আধিকারিকদের সঙ্গে ভিডিও কনফারেন্স করতে চলেছে নির্বাচন কমিশন। আগামীকাল সকাল ১১টা থেকে এই বৈঠক অনুষ্ঠিত হবে বলে কমিশন সূত্রে জানা গিয়েছে। বৈঠকে উপস্থিত থাকবেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক, সব জেলার জেলাশাসক তথা জেলা নির্বাচনী আধিকারিক, পুলিশ কমিশনার, জেলা পুলিশ সুপার এবং কেন্দ্রীয় পর্যবেক্ষকেরা। রাজ্যের সামগ্রিক প্রস্তুতি, ভোটার তালিকা সংশোধনের কাজ, প্রশাসনিক বন্দোবস্ত, আইনশৃঙ্খলা পরিস্থিতি এবং নির্বাচনী দায়িত্বে থাকা আধিকারিকদের ভূমিকা, বৈঠকে এই সকল বিষয়ই পর্যালোচনা করা হবে বলে সূত্রের খবর। এদিকে নির্বাচন কমিশনের তরফে ইতিমধ্যেই রাজ্যে ভোটের প্রস্তুতি জোরদার করার নির্দেশ দেওয়া হয়েছে। চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ, আধিকারিকদের বদলি ও নিয়োগ, মাইক্রো অবজার্ভারদের প্রশিক্ষণ, গণনা কেন্দ্র নির্ধারণ—একাধিক গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে গত কয়েক সপ্তাহ ধরে তৎপরতা বেড়েছে। সেই প্রেক্ষিতেই এই ভিডিও বৈঠককে অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে মনে করা হচ্ছে। কমিশন সূত্রে জানা গিয়েছে, প্রতিটি জেলা থেকে প্রস্তুতির অগ্রগতি সম্পর্কে বিস্তারিত রিপোর্ট চাওয়া হবে। কোথাও কোনও ঘাটতি থাকলে তা দ্রুত পূরণ করার নির্দেশও দেওয়া হতে পারে। আসন্ন নির্বাচনকে স্বচ্ছ

ও শান্তিপূর্ণ করতে প্রয়োজনীয় সব পদক্ষেপই এই বৈঠকে চূড়ান্ত করা হতে পারে বলে প্রশাসনিক মহলের ধারণা।

*************************************************************************

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন SIR প্রক্রিয়ায় জমা পড়া নথিতে জন্মের আগেই বার্থ সার্টিফিকেট তৈরি, ছয় মাসের ব্যবধানে দুই সন্তানের জন্মের মত একাধিক অস্বাভাবিক ঘটনা সামনে আসায় নির্বাচন কমিশন কঠোর অবস্থান নিচ্ছে। এনিউমারেশন ফর্মে উল্লিখিত নির্দেশিকার ভিত্তিতে সংশ্লিষ্ট ইআরও-কে আইনানুগ পদক্ষেপ করতে বলা হয়েছে।

নির্বাচন কমিশন সূত্রে জানা গিয়েছে, উত্তর ২৪ পরগণার বরানগর বিধানসভা এলাকায় এক ব্যক্তির ক্ষেত্রে জন্মতারিখের দুদিন আগে তাঁর বার্থ সার্টিফিকেট তৈরি হয়েছে। ওই ব্যক্তির নাম চূড়ান্ত ভোটার তালিকা থেকে বাদ দেওয়া হতে পারে।

অন্যদিকে পূর্ব বর্ধমানের মেমারী বিধানসভা এলাকায় ৫৫ নম্বর পার্টের এক ভোটারের এনিউমারেশন ফর্মে জন্মতারিখ সংক্রান্ত তথ্য সঠিকভাবে না থাকায় তার বিরুদ্ধেও ব্যবস্থা নিতে বলা হয়েছে। কমিশন জানিয়েছে, এই ধরনের ভুল বা অসঙ্গত তথ্য যাচাই করতে গিয়ে সময় নষ্ট হচ্ছে। সমস্যায় পড়তে হচ্ছে সংশ্লিষ্ট আধিকারিকদেরও।

*************************************************************************

রোগীদের আরও ভালো স্বাস্থ্য পরিষেবা দিতে রাজ্য সরকার সব সরকারি হাসপাতালে সকালের মত বিকালেও বহির্বিভাগ বা আউটডোর চালু রাখার সিদ্ধান্ত নিয়েছে। শিশু ও স্ত্রী রোগের চিকিৎসা সহ দুপুর তিনটে থেকে সন্ধ্যা ছটা পর্যন্ত রোগীরা এখানে চিকিৎসক এর পরামর্শ পাবেন বলে স্বাস্থ্য দপ্তর সূত্রে জানা গিয়েছে। প্রথম পর্যায়ে শিলিগুড়ি,কাকদ্বীপ, বালুরঘাট,পশ্চিম মেদিনীপুর জেলা হাসপাতালে এই পরিষেবা চালু হবে। পরবর্তী পর্যায়ে ধাপে ধাপে সব হাসপাতালে এই পরিষেবা পাওয়া যাবে বলে জানা গিয়েছে।

উল্লেখ্য, বর্তমানে রাজ্যের সব সরকারি হাসপাতালে সকাল ন'টা থেকে দুপুর দুটো পর্যন্ত বহির্বিভাগ চালু থাকে।

*************************************************************************

কড়া নিরাপত্তায় আজ উচ্চ মাধ্যমিকের চতুর্থ তথা চূড়ান্ত সেমিস্টারের পরীক্ষা শুরু হয়েছে। চলছে তৃতীয় সেমিস্টারের সাপ্লিমেন্টারি এবং পুরনো পদ্ধতিতে উচ্চমাধ্যমিক পরীক্ষাও। মোট পরীক্ষার্থীর সংখ্যা ৭ লক্ষ ১০ হাজার ৮১১ জন। ছাত্রদের তুলনায় ছাত্রীদের সংখ্যা এবার বেশি। পরীক্ষা চলবে ২৭ ফেব্রুয়ারি পর্যন্ত।

একটি প্রতিবেদন- ( ভিসি- সুমন মুখার্জি )

এদিকে, চতুর্থ সেমিস্টারের পরীক্ষার জন্য যথেষ্ট সময় পাওয়া যায়নি বলে **অভিযোগ** করছেন পড়ুয়াদের একাংশ। এছাড়াও সময়মতো বই হাতে না মেলায় ছাত্র-ছাত্রীদের PDF দেখে পড়াশোনা করতে হয়েছে বলেও অভিযোগ অভিভাবকদের।

অভিযোগ অস্বীকার করেছেন, উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের চেয়ারম্যান চিরঞ্জীব

ভট্টাচার্য।

( বাইট- চিরঞ্জীব )

**************************************************************************

আজকের প্রসঙ্গের এবারের বিষয় দামোদর ভ্যালি কর্পোরেশনের "কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা"। ডিভিসির চেয়ারম্যান এস সুরেশ কুমারের সঙ্গে কথা বলেছেন অভিজিৎ চক্রবর্ত্তী। আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত আটটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

**************************************************************************

মুর্শিদাবাদের বেলডাঙায় হিংসার ঘটনায়, অভিযুক্তদের আজ'ও NIA বিশেষ আদালতে তোলা যায়নি। তবে, ভার্চুয়ালি তাদের হাজিরার অনুরোধ জানিয়েছে বহরমপুর জেল কর্তৃপক্ষ। উপযুক্ত পরিমাণে পুলিশী এসকর্ট না পাওয়ার কারণেই ওই ৩৬ জনকে কলকাতার NIA-এর বিশেষ আদালতে আজ তোলা যায়নি বলে জানা গেছে।

**************************************************************************

কলকাতা মেট্রো ব্লু লাইনের আধুনিকীকরণের জন্য এক হাজার ২০০ কোটি টাকার বেশি বরাদ্দ হয়েছে বলে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণো জানিয়েছেন। লোকসভায় গতকাল বিজেপি সাংসদ জগন্নাথ সরকারের এক লিখিত প্রশ্নের জবাবে শ্রী বৈষ্ণো জানান, খিদিরপুরে মেট্রো স্টেশন তৈরির জন্যে ২০২০ সালে রাজ্য সরকারের কাছে জমি চাওয়া হলেও গত বছর জুলাই মাসে তা পাওয়া যায়।

নিউ গড়িয়া-দমদম এয়ারপোর্ট অংশের চিংড়িঘাটায় ফ্লাইওভারের কাজের জন্য রাজ্যের তরফে গত ১০ মাসেও অনুমতি মেলেনি বলে মন্ত্রী জানিয়েছেন।

এদিকে, রাজ্য বিজেপির মুখপাত্র দেবজিত সরকার বলেছেন, চিংড়িঘাটায় মেট্রো প্রকল্পের কাজে বাধা সৃষ্টি করতেই রাজ্য সরকার সুপ্রিম কোর্টে গেছে।

( বাইট- দেবজিত)

**************************************************************************

নতুন শ্রম কোড বাতিল, রাষ্ট্রায়ত্ত সংস্থার শূণ্য পদে নিয়োগ সহ একগুচ্ছ দাবীতে একাধিক ট্রেড ইউনিয়ান দেশ জুড়ে ধর্মঘটের ডাক দিলেও, এরাজ্যে তেমন কোনো প্রভাব পড়েনি। উচ্চ মাধ্যমিক পরীক্ষার কথা মাথায় রেখে সমস্ত গণ পরিবহণকে এর আওতার বাইরে রাখা হয়েছে। তবে পরিবহন কর্মীরা সন্ধ্যা ছটা থেকে ছটা ১০ মিনিট পর্যন্ত কাজ বন্ধ রেখে প্রতীকী ধর্মঘট পালন করবেন বলে জানানো হয়েছে। ধর্মঘটের আওতায় নেই ফেরী চলাচল'ও। ব্যাংক কর্মীদের কয়েকটি সংগঠনও ব্যাংক ধর্মঘটের ডাক দিয়েছে।

এদিকে, রাজ্য সরকার, বাম শ্রমিক সংগঠনের ডাকা এই ধর্মঘটে সব ধরনের পরিষেবা সচল রাখতে উদ্যোগী হয়েছে। অর্থ দপ্তর থেকে প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, অসুস্থতা বা অন্য কোনো জরুরী কারণ

ছাড়া আজ কোনো সরকারি কর্মী দপ্তরে অনুপস্থিত থাকলে একদিনের বেতন কাটা যাবে এবং তাঁর কর্মজীবন থেকে একদিন বাদ পড়বে। তবে ১১ই ফেব্রুয়ারির আগে থেকেই যাদের ছুটি নেওয়া রয়েছে, তাদের ক্ষেত্রে এই নির্দেশ বলবত্ হবে না। কোনো কর্মী অনুপস্থিত থাকলে তাকে কারণ দর্শানোর নোটিশ পাঠানো হবে। উত্তর সন্তোষজনক হলে ছুটি মঞ্জুর করা হতে পারে। তবে নোটিশের জবাব না দিলে শৃঙ্খলাভঙ্গের অভিযোগে পদক্ষেপ নেওয়া হবে বলে জানানো হয়েছে। এই সংক্রান্ত রিপোর্ট ২৮ ফেব্রুয়ারির মধ্যে জমা দিতে হবে অর্থ দপ্তরে।

*****************************************************************************

সারা ভারত ব্যাপী শ্রমিক সংগঠনের ডাকা শিল্প ধর্মঘটে, জেলাজুড়ে সরকারি পরিবহণের সঙ্গে সঙ্গে বেসরকারি পরিবহণও চলছে।

রাজ্যের উত্তর ২৪ পরগণার ব্যারাকপুর শিল্পাঞ্চলে ধর্মঘটের কারণে পরিষেবা কিছুটা ব্যাহত হয়েছে। বিভিন্ন ব্যাঙ্ক শাখার সামনে বিক্ষোভ দেখানো হয়। ফলে অসুবিধার মুখে পড়েন সাধারণ মানুষ। তবে, শিলিগুড়িতে সকালে বেশ কিছু বাজার দোকান বন্ধ ছিল।

মালদা জেলায় ধর্মঘটের বিশেষ কোনো প্রভাব পড়েনি। এদিন সকালে জেলার প্রশাসনিক ভবন সংলগ্ন একটি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক জোর করে বন্ধ করার চেষ্টা হলে, উত্তেজনা ছড়ায়। পুলিশ গিয়ে অবরোধকারীদের সরিয়ে দেয়।

উত্তর দিনাজপুরের ইসলামপুর শহরে আজ সকালে বন্ধের সমর্থনে মিছিল করেন।

ধর্মঘটের সমর্থনে কোচবিহার শহরে মিছিল করে শ্রমিক সংগঠনের সদস্যরা।

*****************************************************************************

বাংলাদেশে নির্বাচনকে কেন্দ্র করে এরাজ্যের সীমান্তবর্তী জেলাগুলিতে কড়া নজরদারি জারি হয়েছে। সীমান্ত সুরক্ষা বাহিনী- BSF-এর নর্থবেঙ্গল ফ্রন্টিয়ার, প্রায় ৯৩২ কিলোমিটার সীমান্তে নজরদারি চালাচ্ছে। বাড়ানো হয়েছে টহলদারি।

কোচবিহারের চ্যাঙড়াবান্ধা সীমান্তেও জারি হয়েছে অতিরিক্ত সতর্কতা। সীমান্তে বাড়ানো হয়েছে নিরাপত্তা। চ্যাঙড়াবান্ধা আন্তর্জাতিক সীমান্ত বন্ধ করে দেওয়া হয়েছে।

ফুলবাড়ি ইমিগ্রেশন চেক পোস্ট দিয়ে ভারত ও ভুটান থেকে বাংলাদেশে পণ্য রপ্তানি এবং ওই দেশ থেকে আমদানি, সাময়িকভাবে বন্ধ রাখা হয়েছে।

অন্যদিকে, অবৈধভাবে ভারতে প্রবেশ করায়, উত্তর ২৪ পরগণার বনগাঁ থানার পুলিশ এক বাংলাদেশীকে গ্রেপ্তার করেছে। ধৃত উতঙ্ক গাইন, বাংলাদেশের মাদারিপুরের বাসিন্দা।

*****************************************************************************

বিশিষ্ট ক্রীড়া সংগঠক ও প্রাক্তন হকি খেলোয়াড় গোপীনাথ ঘোষের গতরাতে কলকাতায় জীবনাবসান হয়েছে। বয়স হয়েছিল ৮৭ বছর। বেশ কিছু দিনধরেই অসুস্থ হয়ে তিনি একটি বেসরকারি হাসপাতালে ভর্তি ছিলেন। মোহনবাগান ও বাংলার প্রাক্তন হকি খেলোয়াড় গোপীনাথ ঘোষ রাজ্য অলিম্পিক, রাজ্য টেবিল টেনিস, রাজ্য হকি সংস্থায় বিভিন্ন সময়ে গুরুত্বপূর্ণ পদে ছিলেন। আকাশবাণীর ক্রীড়া ভাষ্যকার হিসাবে জনপ্রিয় ছিলেন। তাঁর মৃত্যুতে ক্রীড়া মহলে শোকের ছায়া নেমে এসেছে।

*************************************************************************